

খুলনা ওয়াসার পানির সংযোগ গ্রহণ করার ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্যাদি

- ০১। ৫০.০০ (পঞ্চাশ) টাকার বিনিময়ে আবেদন ফর্ম খুলনা ওয়াসা ভবনের সংশ্লিষ্ট প্রকৌশলীর নিকট হতে সংগ্রহ করতে হবে। আবেদনপত্রে স্পষ্টভাবে আবেদনকারীর স্বাক্ষরসহ সম্পূর্ণ নাম, পূর্ণাঙ্গ ঠিকানা, মোবাইল নম্বরসহ অন্যান্য চাহিত তথ্যাদি উল্লেখ করতে হবে।
- ০২। যাদের বাসা/প্রতিষ্ঠানে আন্ডারগ্রাউন্ড রিজার্ভার রয়েছে/শীঘ্রই তৈরী করবেন শুধুমাত্র তাদেরই সংযোগ প্রদান করা হবে।
- ০৩। আবেদন ফর্মের সঙ্গে আবেদনকারীর নিম্নলিখিত কাগজপত্রাদি জমা দিতে হবে:
- i) পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি রঙিন সত্যায়িত ছবি।
 - ii) জাতীয় পরিচয়পত্র/নাগরিক সনদপত্র/জন্মনিবন্ধন সনদপত্র/পাসপোর্ট এর সত্যায়িত কপি।
 - iii) জমির দলিল/পর্চা/মিউটেশন এর সত্যায়িত কপি।
 - iv) উত্তরাধিকার সূত্রে মালিক হলে ওয়ারেশকায়েম সার্টিফিকেটের সত্যায়িত কপি। একাধিক ওয়ারেশ থাকলে অন্যান্য ওয়ারেশগণের স্বাক্ষরিত অনাপত্তিনামা ওয়ার্ড কাঙ্গিলর কর্তৃক সুপারিশকৃত দাখিল করতে হবে।
 - v) সরকার বা অন্য কোন সংস্থা থেকে ভূমি বরাদ্দ দেওয়া হলে ভূমি বরাদ্দের সার্টিফিকেটের সংশ্লিষ্ট কর্মকর্তা/মালিক কর্তৃক সত্যায়িত কপি দাখিল করতে হবে।
 - vi) হোল্ডিং ট্যাক্স/টেলিফোন বিল/বিদ্যুৎ বিলের সত্যায়িত কপি (হোল্ডিং নম্বর না থাকলে নিকটবর্তী হোল্ডিংয়ের ট্যাক্সের কপি) দাখিল করতে হবে।
- ০৪। খুলনা সিটি কর্পোরেশন/সড়ক ও জনপথ কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট রাস্তা খননের মূল ছাড়পত্র। এক্ষেত্রে খুলনা ওয়াসা হতে খুলনা সিটি কর্পোরেশন/সড়ক ও জনপথ বিভাগে পত্র ইস্যু করা হবে। গ্রাহক তার নিজ দায়িত্বে রাস্তা খননের ক্ষতিপূরণের অর্থ সংশ্লিষ্ট দপ্তরে জমা দিয়ে ছাড়পত্র গ্রহণ করবেন।
- ০৫। রাস্তা কাটার ক্ষতিপূরণের অর্থ ব্যতীত সংযোগের মালামাল ও লেবার মজুরীসহ নিম্নলিখিত অর্থ জনতা ব্যাংকের কর্পোরেট শাখায় খুলনা ওয়াসার অ্যাকাউন্টে জমা দিয়ে তার রশিদ দাখিল করতে হবে:
- ক) $\frac{3}{8}$ " (২০ মি.মি.) ব্যাসের সংযোগের জন্য প্রায় ৫,০০০/- থেকে ৭,০০০/-
 - খ) ১" (২৫ মি.মি.) ব্যাসের সংযোগের জন্য প্রায় ৫,৮০০/- থেকে ৮,৫০০/-
 - গ) $1\frac{1}{2}$ " (৪০ মি.মি.) ব্যাসের সংযোগের জন্য প্রায় ১৩,০০০/- থেকে ১৫,৫০০/-
 - ঘ) ২" (৫০ মি.মি.) ব্যাসের সংযোগের জন্য প্রায় ১৬,৫০০/- থেকে ১৮,০০০/-

বিঃ দ্রঃ সংযোগ পাইপের ব্যাস ও প্রকৃত দৈর্ঘ্যের উপর ভিত্তি করে উপরোক্ত অর্থের পরিমাণ নির্ধারিত হবে।